একদিকে ধানের শীষে ভোট প্রার্থণা অপরদিকে মনোনয়ন পরিবর্তনের দাবি

বিএনপির মনোনয়ন ঘোষণার পর থেকে মেহেরপুর-২ (গাংনী) আসনে পাল্টাপাল্টি কর্মসূচি চলমান রয়েছে। একদিকে মনোনয়ন প্রাপ্ত আমজাদ হোসেন ও তার অনুসারীরা ধানের শীষের ভোট প্রার্থনা করে গণসংযোগ অব্যাহত রেখেছেন। অপরদিকে, মনোনয়ন বঞ্চিত জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের অনুসারীরা মনোনয়ন পরিবর্তনের দাবিতে অন্দোলন কর্মসূচি চলমান রেখেছেন। এতে গাংনীর রাজনৈতি অঙ্গনে উত্তেজনা বিরাজ করছে।

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ধানের শীষের পক্ষে গণজোয়ার সৃষ্টির লক্ষ্যে মেহেরপুর -২ (গাংনী) আসনের সাহারবাটি ইউনিয়নের ধর্মচাকি গ্রামে ও গাংনী বাজারে ৩১ দফা সম্বলিত লিফলেট বিতরণ ও গণসংযোগ করেন বিএনপি মনোনীত প্রার্থী আমজাদ হোসেন।

গতকাল বুধবার বিকালে গাংনী উপজেলা শহরের বিভিন্ন স্পটে লিফলেট বিতরণ করা হয়।

তারেক রহমানের বার্তা সবার আগে বাংলাদেশ, শ্লোগান নিয়ে ধানের শীষের প্রার্থী সাবেক এমপি আমজাদ হোসেন গণসংযোগ করে ভোট প্রার্থনা করেন।

এসময় গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, গাংনী পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান মোরাদ আলী, জেলা বিএনপির সাবেক সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, গাংনী উপজেলা বিএনপির সাবেক সহসভাপতি উপাধ্যক্ষ নাসির উদ্দিন, গাংনী উপজেলা যুবদলের সাবেক সভাপতি সাজেদুর রহমান বুলবুল, বিএনপি নেতা অ্যাডভোকেট আতাউল হক আন্টু, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি শহিদুল ইসলাম, সাবেক ছাত্র নেতা ও তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, গাংনী পৌর জাসানের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, স্থানীয় বিএনপি নেতা শহিদুল ইসলামসহ গাংনী পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক মোস্তাফিজুর রহমান বাবলু,জেলা ছাত্র দলের সাবেক সভাপতি নাজমুল

হুসাইন, যুবদলের সদস্য ফারুক হোসেন, যুবদল নেতা মাহফুজ আলম রহিদুল।

বক্তারা বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপট, জনগণের অধিকার ও গণতন্ত্র পুনরুদ্ধারে দলের অবস্থান তুলে ধরেন।

ধর্মচাকি গ্রামে উঠান বৈঠক শেষে আমজাদ হোসেন বিভিন্ন গ্রামে গণসংযোগ করেন। এসময় তিনি বিএনপির ঘোষণা করা ৩১ দফা কর্মসূচির লিফলেট বিতরণ করেন এবং আসন্ন নির্বাচনে ধানের শীষ প্রতীকে ভোট দেওয়ার আহ্বান জানান।

স্থানীয় নেতাকর্মী ও সাধারণ মানুষের উপস্থিতিতে পুরো এলাকায় নির্বাচনী আমেজ আরও জোরদার হয়ে ওঠে।

লিফলেট বিতরণকালে রাস্তার দুধারে শতশত নারী ভোটার ধানের শীষের এমপি প্রার্থী আমজাদ হোসেনকে হাত তুলে অভিবাদন জানান।

অপরদিকে, মেহেরপুর-২ (গাংনী) আসনের বিএনপির মনোনয়ন বাতিলের দাবিতে বিক্ষোভ মিছিল করেছে গাংনী উপজেলা ও পৌর বিএনপির একাংশের নেতাকর্মীরা।

গতকাল বুধবার বিকালে গাংনী উপজেলা শহরে এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা ও সম্পাদক সাইদুল ইসলামের নেতৃত্বে মিছিলটি দলীয় কার্যালয়ের সামনে থেকে শুরু হয়ে হাসপাতাল বাজার এলাকা ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দাল হক, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক এডাম সুমন, বামন্দী ইউনিয়ন বিএনপির সভাপতি রাশিদুল ইসলাম সোহাগ, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, মহিলা দলের সভাপতি ফরিদা পারভীনসহ বিএনপির নারীনেত্রী এবং বিভিন্ন স্তরের নেতাকর্মীরা।

উল্লেখ্য, মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপি দলীয় মনোনয়ন ঘোষণা করেছে সাবেক এমপি ও জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আমজাদ হোসেনকে। এ আসনে মনোনয়ন পুনর্বিবেচনা করে জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন দেয়ার দাবিতে এ বিক্ষোভ মিছিল করেন তারা।

নির্বাচনী প্রচার প্রচারণা বন্ধ হলেও মোবাইলে ক্ষুদে বার্তায় ভোট প্রার্থণা

নির্বাচন ঘিরে শুক্রবার সকাল ৮টায় প্রচার-প্রচারণা সম্পন্ন হয়েছে। নির্বাচন ঘিরে কৌশলে প্রচার-প্রচারণা চালাচ্ছেন প্রার্থীরা। মাঠপর্যায়ে ভোটারদের বাড়ি বাড়ি যাওয়ার পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যম ও এসএমএস করেও প্রার্থীরা চালিয়ে যাচ্ছে প্র্রচার-প্রচারণা।

ডিজিটাল প্রচার-প্রচারণায় আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থী জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এগিয়ে রয়েছেন। তিনি গ্রামীন ফোনের সাথে চুক্তিবদ্ধ হয়ে গ্রামীণ মোবাইল, রবি, এয়ারটেল ও বাংলালিংক মোবাইল গ্রাহকদের মোবাইলে ফরহাদ নামে tgwo tu 21242 নম্বর থেকে ভোট প্রার্থণা করছেন।

গতকাল বৃহস্পতিবার জিপি থেকে প্রেরিত ওই ক্ষুদেবার্তা প্রেরণের সময় মেহেরপুরে অবস্থানকারী প্রায় সাড়ে তিনলাখ মোবাইলে ক্ষুদে বার্তা এসেছেন। ক্ষুদে বার্তায় বলা হয়েছে ‘সমৃদ্ধ ও শান্তিময় মেহেরপুর গড়তে নৌকা মার্কায় ভোট দিয়ে আপনাদের সেবা করার সুযোগ দিন। শুভেচ্ছান্তে ফরহাদ হোসেন’। ম্যাসেজ প্রদানকারী প্রতিষ্ঠানের নির্ভরযোগ্য সুত্রে জানাগেছে ক্ষুদেবার্তা প্রেরণের সময় চারটি টাওয়ারের আওতায় গতকাল বৃহস্পতিবার সাড়ে তিনলাখ মোবাইল চালু ছিলো। প্রত্যেকে ওই ক্ষুদে বার্তা পেয়েছেন। প্রতিটি ক্ষুদেবার্ত বাবদ ভ্যাটসহ একটাকা খরচ বলেও জানাগেছে।

স্বতন্ত্র প্রার্থী ট্রাক প্রতীকের প্রার্থী প্রফেসর আবদুল মান্নানের পক্ষে আওয়ামী লীগের অধিকাংশ নেতা কর্মী নির্বাচনী মাঠে থাকা কর্মী সমর্থকরা ভোট প্রার্থণা করে মোবাইলে ক্ষুদে বার্তা দিচ্ছেন।
প্রফেসর আবদুল মান্নান মেহেরপুর-১ (মুজিবনগর-মেহেরপুর) আসনের ভোটারদের প্রতি ফেসবুকে আহবান রেখেছেন- ‘আপনারা ভোট কেন্দ্রে

নির্বিঘ্নে যাবেন, পছন্দের প্রার্থীকে ভোট দিয়ে সুখি সুন্দর বাংলাদেশ গড়তে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সহায়তা করবেন। জননেত্রি শেখ হাসিনা একটি অবাধ সুষ্ঠু নির্বাচনে প্রতিশ্রুতিবদ্ধ’। প্রফেসর মান্নানের ওই আহবান দেখেছেন ৩১ হাজার জন, ১০১ জন শেয়ার, সাড়ে তিন হাজারের বেশি লাইকসহ শুভকামনা জানিয়েছেন বিভিন্ন শ্রেণি পেশার মানুষ।

ফেসবুকে প্রফেসর মান্নানের ওই আহবানে এক সমর্থক মন্তব্য লিখেছেন-পিছু ফিরে তাকানোর দিন শেষ। এবার সমৃদ্ধির পথ ধরে সামনে এগিয়ে যাওয়ার পালা। আসুন আপনি, আমি এবং আমরা সবাই মিলে ট্রাক মার্কায় ভোট দিয়ে গড়ে তুলি সমৃদ্ধিশালী মেহেরপুর।